# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


নং- ৫৭.১৬.০০০০.০০৬.৪৫.০০১.২৩-১১৫ তারিখ: ০৭/১১/২০২৩ খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ **২০২৩ সালে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (e-SIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে।**

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও স্বীকৃতিপ্রাপ্ত দাখিল/আলিম এবং আরবি বিশ্ববিদ্যালয় অধিভূক্ত ফাযিল/কামিল পর্যায়ের মাদ্রাসার অধ্যক্ষ/সুপারসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩ সালে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি ও অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্নবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে e-SIF (Electronic student Information Form) পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।

## নির্দেশাবলি

১। শিক্ষার্থীর বয়স রেজিস্ট্রেশনের বছরের ১লা জানুয়ারি তারিখে ন্যূনতম বয়স ৯+ এবং ৩১ ডিসেম্বর তারিখে সর্বোচ্চ ১৫ বছর হতে হবে। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০ বছর।

২। শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দেয়ার সময় **অনলাইন জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী** নাম, বয়স, পিতা ও মাতার নাম ইংরেজিতে পূরণ করতে হবে।

৩। ছাত্র/ছাত্রীর নাম, পিতা/মাতার নামের পূর্বে বা পরে মৃত, হাজী, আলহাজ্জ, কর্ণেল, জজ, মেজর, ব্যারিষ্টার, এ্যাডভোকেট, ডঃ, ডাক্তার, মাস্টার, শিক্ষক, প্রফেসর, অধ্যক্ষ, সুপার, মাওলানা, মৌলভী, হাফেজ, ক্বারী, জনাব, সাহেব, মিস, মিসেস, এম.এ, বি.এ ইত্যাদি লেখা যাবে না।

৪। বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক মোবাইল সিম ব্যবহার করে রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৫। অনলাইনে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দেয়ার সময় ভর্তির রেজিস্ট্রার অনুযায়ী অবশ্যই তার **অভিভাবকের মোবাইল নম্বর** ইনপুট দিতে হবে। একটি মোবাইল নম্বর দিয়ে শুধুমাত্র একজন শিক্ষার্থীরই রেজিস্ট্রেশন করা যাবে।

৬। **অনলাইনে ফি জমাদান ও e-SIF Submission এর সময় সূচীঃ**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | বিলম্ব ফি ব্যতীত ফি জমা | ০৯/১১/২০২৩ থেকে ৩০/১১/২০২৩ পর্যন্ত |
| খ) | বিলম্ব ফি সহ জমা | **১৪/১২/২০২৩ পর্যন্ত** |
| | *ফি জমা দেয়ার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর টটলিস্ট অনুযায়ী ছবিসহ শিক্ষার্থীদের e-SIF এন্টি করা যাবে* | |
| গ) | পূরণকৃত **e-SIF Final Submission** | ১৫/১২/২০২৩ থেকে ২০/১২/২০২৩ পর্যন্ত |

৭। **ফি প্রদান এবং e-SIF পূরণ ও Final Submissionঃ**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bmeb.gov.bd) **অনলাইন সেবা-২** এর **e-SIF/e-FF** অপশনে ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN ও Entry Password দিয়ে লগইন (Login) করলে EIIN ভিত্তিক মোবাইল নম্বরে একটি **OTP** প্রেরণ করা হবে। উক্ত **OTP** ইনপুট করে **পেমেন্ট অপশনে** ক্লিক করে শিক্ষার্থী সংখ্যা এন্ট্রি দিয়ে **সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে** রেজিস্ট্রেশন ফি দিতে হবে। ফি জমা দেয়ার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর নতুন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করা যাবে। শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ **e-SIF** তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে তথ্য যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে ততবার সংশোধিত প্রিন্ট নিতে পারবে। সর্বশেষ নির্ভুল e-SIF তালিকা হাতে পাওয়ার পর নির্ধারিত সময়ে Final Submission এর জন্য **মাদ্রাসা প্রধান Confirm Password ব্যবহার করবেন।**

৮। রেজিস্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপঃ

| ক্রমিক | বিবরণ | ফি এর হার |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশন ফি | ৫০.০০ টাকা |
| খ | রেড ক্রিসেন্ট ফি | ০৮.০০ টাকা |
| গ | **বিলম্ব ফি ব্যতিত মোট ফি** | **৫৮.০০ টাকা** |
| ঘ | বিলম্ব ফি | ৫০.০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ঙ | **বিলম্ব ফি সহ মোট ফি** | **১০৮.০০ টাকা** |

অপর পাতায় দ্রষ্টব্য

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576



*বিঃদ্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ স্মারক মোতাবেক ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন কার্যক্রমের সময় শিক্ষার্থীদের কাছ থেকে আদায়কৃত ২০/- টাকার ৬০% অর্থাৎ ১২/- (বার) টাকা নিজ প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য সংরক্ষণ করবে। অবশিষ্ট ৪০% অর্থাৎ ০৮/- (আট) টাকা মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে।*

৯। শিক্ষার্থীর সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পাদন করতে ব্যর্থ হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১০। নতুন দাখিল স্তরের ৯ম শ্রেণির পাঠদান অনুমতি প্রাপ্ত মাদ্রাসা প্রধান বোর্ডে আবেদন করে পাসওয়ার্ড সংগ্রহ করবেন। **দাখিল স্তরের পাঠদানের অনুমতি/স্বীকৃতি ব্যতীত মাদ্রাসাসমূহ ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন করতে পারবে না।**

১১। e-SIF এর চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট কপিতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের স্বাক্ষর নিয়ে হার্ড কপি মাদ্রাসায় সংরক্ষণ করতে হবে। বোর্ড/আঞ্চলিক কার্যালয়ে জমা প্রদানের প্রয়োজন নেই।

১২। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে **'বিশেষ চাহিদা সম্পন্ন কি না'** তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ সমাজসেবা অধিদপ্তরের অনলাইন ডাটাবেজ নিবন্ধন পূর্বক তাদের কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১৩। অত্র বিজ্ঞপ্তি এবং প্রয়োজনে বিজ্ঞপ্তির কোন সংশোধনী বোর্ডের ওয়েবসাইটে (www.bmeb.gov.bd) প্রকাশ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৭.১১.২০২৩

(প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ/সুপার
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল মাদ্রাসা

নং- ৫৭.১৬.০০০০.০০৬.৪৫.০০১.২১-১৫ তারিখ: ০৭/১১/২০২৩ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল;
৩. সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৭. পি.ও.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

07.11.23
(তৈয়ব হোসেন সরকার)
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৫৪০৩
ই-মেইল: drcommon@bmeb.gov.bd